

কলার সিগাটোকা রোগ

রোগ পরিচিতি

কলা চাষে পাতার দাগ বা সিগাটোকা রোগ একটি অন্যতম প্রধান সমস্যা। এমন কোন কলা বাগান নেই যেখানে এ রোগটি দেখা যায় না। *Cercospora musae* নামক ছত্রাক জীবাণু দ্বারা এ রোগ সংঘটিত হয়।

রোগের লক্ষণ

কলা গাছ সিগাটোকা রোগে আক্রান্ত হলে পাতার কিনারায় প্রথম লক্ষণ প্রকাশ পায়। পাতায় শিরা বরাবর হালকা হলুদ বা সবুজাভ হলুদ লম্বাটে দাগ পড়ে। দাগগুলো বড় হলে চোখের আকৃতি ধারণ করে। ডিম্বাকৃতির এসব দাগের কেন্দ্রস্থলের রঙ হয় হালকা ধূসর, কিনারা বাদামি বা কালো। তার চারিদিকে হলুদাভ বলয় দ্বারা ঘেরা থাকে। এরূপ অনেকগুলো দাগ মিলে গিয়ে অনেক বড় এলাকা নিয়ে পাতাকে ঝলসে ফেলে। গাছের পাতা আগুনে পুড়ে যাওয়ার মত মনে হয়। আক্রমণ বেশি হলে সমস্ত পাতাই শুকিয়ে যায় এবং গাছ মারা যায়। আক্রান্ত গাছের কলা ছোট ও অপুষ্ট হয় এবং অকালে পেকে যায়। এমনকি চরম অবস্থায় অপরিণত কলা আর পুষ্ট ও পাকতে পারে না।



ছবি: আক্রান্ত পাতা



ছবি: আক্রান্ত ফল

সমন্বিত বালাই ব্যবস্থাপনা

- আক্রান্ত পাতা সংগ্রহ করে মাটিতে পুঁতে অথবা পুড়িয়ে ফেলতে হবে।
- কলা বাগান সারাদিন রোদ পায় এমন জয়গায় কলার চাষ করতে হবে।
- জমিতে পর পর ২-৩ বছরের বেশি কলার চাষ করা যাবে না।
- অমৃত সাগর জাতের কলা এ রোগের প্রতি অধিক সংবেদনশীল। তাই এ জাত চাষে সতর্ক থাকে হবে।
- অতিরিক্ত ইউরিয়া সার ব্যবহার থেকে বিরত থাকতে হবে। বেশি করে জৈব সার ও নিম, খেল গর্তের মাটির সাথে মিশিয়ে দিতে হবে।
- কার্বেন্ডাজিম গ্রুপের ছত্রাকনাশক ২ গ্রাম প্রতি লিটার পানিতে মিশিয়ে ৭ দিন পর পর প্রয়োগ করতে হবে।

আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজো কৃষি অফিসে যোগাযোগ করুন